কেবলমাত্র সরকারী কাজে ব্যবহারের জন্য

# থানা ও তদনিম্ন পর্যায়ে একীভূত স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা সেবাদান কার্যক্রমের আওতাভূক্ত কর্মকর্তা ও কর্মচারীদের সুনির্দিষ্ট কার্য-পরিধি
# (Specific Job Description)

ডিসেম্বর, ১৯৯৯
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

(মুকুল চন্দ্র হালদার)
স্বাস্থ্য পরিদর্শক
ফকিরহাট ইউএইচসি, বাগেরহাট।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

স্মারক নং: প্রশাসন-১/১ই-০৫/৯৯/৯৫৭

তারিখঃ ১৬ নভেম্বর, ১৯৯৯
০২ অগ্রহায়ণ, ১৪০৬

## প্রজ্ঞাপন

বিষয়ঃ থানা ও তদনিম্ন পর্যায়ে একীভূত কাঠামোর প্রত্যেক কর্মকর্তা/কর্মচারীর সুনির্দিষ্ট কার্য-পরিধি (Specific job description)।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ৩১শে আগস্ট, ১৯৯৯ ইং তারিখের প্রশাসন-১/১ই-০৫/৯৯/৬৯২ নং আদেশ দ্বারা সরকার থানা ও তদনিম্ন পর্যায়ে বিদ্যমান মঞ্জুরীকৃত জনবলের সমন্বয়ে একীভূত কাঠামো গঠন করিয়াছে। তদনুসারে একীভূত কাঠামোর অন্তর্ভূক্ত প্রত্যেক কর্মকর্তা/কর্মচারীর জন্য সুনির্দিষ্ট কার্য-পরিধি (Specific job description) প্রণয়ন (১০০ সংখ্যক) করা হইয়াছে, যেগুলি এতদ্বারা জারি করা হইল। অত্র সুনির্দিষ্ট কার্য-পরিধি অবিলম্বে কার্যকর হইবে এবং থানা ও নিম্ন পর্যায়ের একীভূত কাঠামোর অন্তর্ভূক্ত কর্মকর্তা/কর্মচারী এতদ্বারা জারিকৃত সুনির্দিষ্ট কার্য-পরিধি অনুসারে তাঁহাদের দায়িত্ব ও কর্তব্য পালন করিবেন।

(এম.এম. রেজা)
সচিব



(মৃদুল চন্দ্র হালদার)
স্বাস্থ্য পরিদর্শক
ফকিরহাট ইউএইচসি, বাগেরহাট।

| | | | |
|---|---|---|---|
| ১। | কার্যালয় | ঃ | থানা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমপ্লেক্স |
| ২। | পদের নাম | ঃ | স্বাস্থ্য পরিদর্শক |
| ৩। | বেতন গ্রেড | ঃ | ১৪শ গ্রেড |
| ৪। | তত্ত্বাবধানকারী | ঃ | মেডিক্যাল অফিসার (এমসিএইচ-এফপি) |

ক. জনস্বাস্থ্য, আচার-আচরণ ও দৃষ্টিভঙ্গির পরিবর্তন (BCC) এবং এন.জি.ও. সমন্বয় বিষয়ক ফিল্ড সার্ভিসেস সম্পর্কিত বাৎসরিক পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে মেডিক্যাল অফিসার (এমসিএইচ-এফপি)কে সহায়তা প্রদান;

খ. 'অত্যাবশ্যক সেবা প্যাকেজ' এর আওতায় সহকারী স্বাস্থ্য পরিদর্শক এবং পরিবার পরিকল্পনা পরিদর্শক কর্তৃক মাঠ পর্যায়ে বাস্তবায়নাধীন জনস্বাস্থ্য, আচার-আচরণ ও দৃষ্টিভঙ্গির পরিবর্তন (BCC) এবং এন.জি.ও. সমন্বয় বিষয়ক কার্যাবলীর তত্ত্বাবধান;

গ. থানা পর্যায় হইতে ওয়ার্ড/কমিউনিটি পর্যায় পর্যন্ত 'অত্যাবশ্যক সেবা প্যাকেজের' আওতাধীন টিকার মাধ্যমে রোগ প্রতিরোধ, ডায়রিয়া জাতীয় ব্যাধি নিয়ন্ত্রণ, শ্বাস যন্ত্রের তীব্র সংক্রমণ (ARI) প্রতিরোধ/নিয়ন্ত্রণ, ভিটামিন 'A' এর অভাবজনিত রোগ/অন্ধত্ব প্রতিরোধ ইত্যাদি জনস্বাস্থ্য বিষয়ক কার্যক্রম বাস্তবায়নে/পরিচালনায় সক্রিয় ভূমিকা পালন;

ঘ. মহামারী রোগ বিস্তার প্রতিরোধ এবং আপদকালীন ও জরুরী পরিস্থিতি মোকাবিলার জন্য গ্রহীতব্য কার্যক্রমে সক্রিয় অংশগ্রহণ;

ঙ. কার্যকরভাবে 'অত্যাবশ্যক সেবা প্যাকেজ' সরবরাহ করার উদ্দেশ্যে গণ-অংশগ্রহণ কার্যক্রমের আয়োজন ও সক্রিয় অংশগ্রহণ;

চ. পরিষ্কার-পরিচ্ছন্নতা, স্বাস্থ্যবিধি (Sanitation), খাদ্যাভ্যাস ইত্যাদি সম্পর্কিত আচার-আচরণ ও দৃষ্টিভঙ্গির পরিবর্তন (BCC) বিষয়ে ব্যাপক সচেতনতা সৃষ্টি কার্যক্রমে অংশগ্রহণ;

ছ. স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা সেবা প্রদানের সাথে সংশ্লিষ্ট অন্যান্য খাতের সরকারী ও বেসরকারী সংস্থা/প্রতিষ্ঠানের সাথে প্রয়োজনীয় যোগাযোগ রক্ষার ব্যাপারে মেডিক্যাল অফিসার (এমসিএইচ -এফপি) এবং অন্যান্য কর্মকর্তাকে সক্রিয় সহযোগিতা প্রদান করা;

জ. তত্ত্বাবধানকারী কর্মকর্তার নির্দেশে ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র এবং কমিউনিটি ক্লিনিক/স্যাটেলাইট ক্লিনিক পরিদর্শন এবং সে সকল কেন্দ্র হইতে প্রদত্ত জনস্বাস্থ্য সেবা এবং এতদসম্পর্কিত আচার-আচরণ ও দৃষ্টিভঙ্গির পরিবর্তন (BCC) কার্যক্রমের পরিবীক্ষণ ও মূল্যায়ন;

ঝ. নিজ কাজের মাসিক অগ্রিম পরিকল্পনা (পরিদর্শনসহ) তত্ত্বাবধানকারী কর্মকর্তাকে প্রদান করা; এবং

ঞ. অর্পিত অন্যান্য দায়িত্ব পালন।

(মৃণাল চন্দ্র হালদার)
স্বাস্থ্য পরিদর্শক
ফকিরহাট ইউএইচসি, বাগেরহাট।

থানা ও তদ্‌নিম্ন পর্যায়ে একীভূত স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা সেবাদান কার্যক্রমের আওতাভূক্ত

# ফিল্ড সার্ভিসেস ইউনিটের কর্মকর্তা-কর্মচারীদের দায়িত্ব ও কর্তব্য (জব্-ডেসক্রিপশন)

২ন১০

১ কার্যালয় : থানা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমপ্লেক্স

২ পদের নাম : হেলথ ইনসপেক্টর

৩ বেতন গ্রেড : ১৪শ গ্রেড

৪ তত্ত্বাবধানকারী : এম ও (এমসিএইচ- এফপি)

ক থানা ও নিম্ন পর্যায়ে 'অত্যাবশ্যক সেবা প্যাকেজ' সম্পর্কিত স্থানীয় পরিকল্পনা প্রণয়নে (কৌশলগত ও অপারেশনাল) অংশগ্রহণ ও এম ও (এমসিএইচ-এফপি)-কে সহায়তা করা;

খ মাঠকর্মীদের (হেলথ এসিস্ট্যান্ট ও পরিবার কল্যাণ সহকারী) কাজ (কমিউনিটি ক্লিনিক, স্যাটেলাইট ক্লিনিক, গ্রাম ভিজিট) তদারকি, তত্ত্বাবধান করা;

গ মাঠকর্মীদের সম্পাদিত কাজের পরিমাপ গ্রহণ;

ঘ কমিউনিটি ক্লিনিকে কর্মরত মাঠকর্মীদের প্রশিক্ষণ সম্পর্কিত প্রয়োজন নির্ণয় করিয়া এম ও (এমসিএইচ-এফপি)-র নিকট পেশ করা;

ঙ মাঠ পর্যায় হইতে রেফারকৃত রোগীর সুব্যবস্থা নিশ্চিতকল্পে সতর্ক দৃষ্টি রাখা;

চ স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা সেবা প্রদানের সাথে সংশ্লিষ্ট অন্যান্য খাতের সরকারী ও অসরকারী সংস্থা/প্রতিষ্ঠানের সাথে প্রয়োজনীয় যোগাযোগ রক্ষার ব্যাপারে এম ও (এমসিএইচ-এফপি)-কে সক্রিয় সহযোগিতা প্রদান করা;

ছ জনসংখ্যা বিষয়ক সকল কার্যক্রমে সক্রিয় ভূমিকা পালন;

জ মাঠ কর্মীদের মাসিক অগ্রিম পরিকল্পনা (পরিদর্শনসহ) তত্ত্বাবধানকারী কর্মকর্তার নিকট পেশ করা;

ঝ অস্থায়ী পরিবার পরিকল্পনা পদ্ধতি সংক্রান্ত বিভিন্ন উপকরণের সরবরাহ ও বিতরণ নিশ্চিতকল্পে ব্যবস্থা গ্রহণ; এবং

ঞ অর্পিত অন্যান্য দায়িত্ব পালন।

১। কর্মস্থল : থানা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমপ্লেক্স

২। পদের নাম : মেডিকেল টেকনোলজিস্ট (এস আই)

৩। বেতন গ্রেড : ১১শ গ্রেড

৪। তত্ত্বাবধানকারী : এম ও (এমসিএইচ- এফপি)

ক. থানার জনস্বাস্থ্য কার্যক্রমের ব্যবস্থাপনা ও সংক্রামক ব্যাধি প্রতিরোধ কার্যক্রমে অংশগ্রহণ করা;

খ. পরিবার পরিকল্পনা এবং জনস্বাস্থ্য বিষয়ক কিন্তু সার্ভিস সম্পর্কিত পরিকল্পনা প্রণয়নে অংশগ্রহণ;

গ. আচার-আচরণ ও দৃষ্টিভঙ্গি পরিবর্তনের উদ্দেশ্যে পরিচালিত আইইই বাস্তবায়নে কার্যকর কৌশল নির্বাচন এবং পরিচালনা কাজে এম ও (এ সি এইচ- এফ পি) কে সহায়তা প্রদান;

ঘ. 'ই এস পি' সরবরাহ কার্যকর করার উদ্দেশ্যে গণ-অংশগ্রহণ নিশ্চিত করা এবং সংশ্লিষ্ট সাইট পরিদর্শন গ্রহণ;

ঙ. থানা এলাকার মাসিক ভ্রমণ পরিকল্পনা (পরিদর্শনসহ) তত্ত্বাবধানকারী কর্মকর্তাকে প্রদান করা;

চ. নির্ভেজাল খাদ্য অধ্যাদেশ ও ড্রাগস এ্যাক্টসহ জনস্বাস্থ্য সম্পর্কিত আইন প্রয়োগের ব্যবস্থা গ্রহণ;

ছ. সরকার কর্তৃক প্রণীত জনস্বাস্থ্য সম্পর্কিত আইন, প্রবিধান, বিধি-বিধান ও আদেশ কার্যকর ও বলবৎ করা;

জ. উপরি-উক্ত 'ছ' -এ উল্লিখিত বিধান ভঙ্গকারীর বিরুদ্ধে আইন অনুযায়ী পদক্ষেপ গ্রহণ ও স্থানীয় আদালতে দায়েরকৃত মোকদ্দমার পরিচালনায় সহায়তা করা;

ঝ. জনস্বাস্থ্য বিষয়ক আইন অনুযায়ী গৃহীত কার্যাবলীর রেকর্ড সংরক্ষণ এবং তত্ত্বাবধানকারী কর্মকর্তার নিকট মাসিক প্রতিবেদন দাখিল করা;

ঞ. জনস্বাস্থ্যের জন্য ক্ষতিকর বা ক্ষতিকর হইতে পারে এরূপ বিষয় সম্পর্কে অবহিত থাকা এবং নির্ধারিত সময়ের ব্যবধানে নিজস্ব আওতাধীন এলাকা পরিদর্শন করা ও প্রতিবেদন পেশ করা;

ট. জন্ম, মৃত্যু ও বিবাহ সম্পর্কিত পরিসংখ্যান সংগ্রহ এবং সংকলন ও সংরক্ষণের জন্য তত্ত্বাবধায়ক কর্মকর্তার মাধ্যমে সাপোর্ট সার্ভিসেস ইউনিটে প্রেরণ; এবং

ঠ. অর্পিত অন্যান্য দায়িত্ব পালন।

৭/

| | | | |
|---|---|---|---|
| ১। | কার্যালয় | ঃ | থানা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমপ্লেক্স |
| ২। | পদের নাম | ঃ | সহকারী স্বাস্থ্য পরিদর্শক |
| ৩। | বেতন গ্রেড | ঃ | ১৫শ গ্রেড |
| ৪। | তত্ত্বাবধানকারী | ঃ | ক. প্রশাসনিকঃ মেডিক্যাল অফিসার (এমসিএইচ- এফপি)<br>খ. কার্যক্রমঃ স্বাস্থ্য পরিদর্শক |

ক. 'অত্যাবশ্যক সেবা প্যাকেজ' এর আওতায় ইউনিয়ন এবং ওয়ার্ড/কমিউনিটি পর্যায়ে বাস্তবায়নাধীন জনস্বাস্থ্য (বিশেষ করিয়া রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ), আচার-আচরণ ও দৃষ্টিভঙ্গির পরিবর্তন (BCC) এবং এন.জি.ও. সমন্বয় বিষয়ক কার্যাবলীর সুষ্ঠু বাস্তবায়ন;

খ. কমিউনিটি ক্লিনিক/স্যাটেলাইট ক্লিনিক হইতে এবং বাড়ীতে গিয়া প্রদত্ত টিকার মাধ্যমে রোগ প্রতিরোধ, ডায়রিয়া নিয়ন্ত্রণ, শ্বাসযন্ত্রের তীব্র সংক্রমণ (ARI) প্রতিরোধ/নিয়ন্ত্রণ, ভিটামিন 'A' এর অভাবজনিত রোগ/অন্ধত্ব প্রতিরোধ ইত্যাদি জনস্বাস্থ্য বিষয়ক কার্যক্রম তত্ত্বাবধান, পরিদর্শন ও মূল্যায়ন;

গ. মহামারী রোগ বিস্তার প্রতিরোধ এবং আপদকালীন ও জরুরী পরিস্থিতি মোকাবিলার জন্য গ্রহীতব্য কার্যক্রম বাস্তবায়নে সক্রিয় অংশগ্রহণ;

ঘ. পরিষ্কার-পরিচ্ছন্নতা, স্বাস্থ্যবিধি (Sanitation), খাদ্যাভ্যাস ইত্যাদি বিষয়ক সচেতনতা সৃষ্টি কার্যক্রমে অংশগ্রহণ;

ঙ. অধীন মাঠকর্মীদের কাছে ঔষধপত্র ও অন্যান্য উপকরণাদির সরবারহ পরিস্থিতি পরিবীক্ষণ এবং সরবরাহ সন্তোষজনক রাখার বিষয়ে উদ্যোগী ভূমিকা রাখা;

চ. বেসরকারী প্রতিষ্ঠান (এনজিও), স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান, ব্যক্তিমালিকানাধীন প্রতিষ্ঠান ইত্যাদির সংগে সমন্বয়ের কাজে তত্ত্বাবধানকারী কর্মকর্তাদেরকে সহায়তা দান;

ছ. নিজ কাজের মাসিক অগ্রিম পরিকল্পনা (পরিদর্শনসহ) প্রণয়ন ও তত্ত্বাবধানকারী কর্মকর্তাদ্বয়ের নিকট পেশ করা; এবং

জ. অর্পিত অন্যান্য দায়িত্ব পালন।

([illegible] চন্দ্র হালদার)
স্বাস্থ্য পরিদর্শক
ফকিরহাট ইউএইচসি, বাগেরহাট।